গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.৬২২.১৮-৬৪৫

তারিখ : ২০ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ / ০৪ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

৩৬তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০২.১০.২০১৭ তারিখের নং-৮০.১০৯.০৩৬.০০.০০.০১.২০১৬-১৪১ নং স্মারকপত্রের সুপারিশক্রমে পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্যগত প্রতিবেদনের আলোকে এ প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদে বর্ণিত ১৬ (ষোল) জন প্রার্থীকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা পদে (দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে (গ্রেড-১০) নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো এবং তাঁদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পদায়ন করা হলো:

(ক) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত পেশাগত ও বিশেষ যে কোন ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) ৩৬ তম বি.সি.এস. পরীক্ষার ফলাফল ও নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-

২০১০ এর ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে জমা দিতে হবে;

(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ঠ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণ হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

০২। অনুচ্ছেদ-১ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৭ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ রবিবার পূর্বাহ্নে পদায়িত বিদ্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

১) পদের নাম : সহকারী শিক্ষক (ইংরেজী) ০৫ জন

| ক্রমিক | নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রেজি: নম্বর | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | তৌফিক আহমেদ<br>পিতার নাম- মুজিবুর রহমান<br>গ্রাম: শীতলপাড়া<br>ডাকঘর: কসবা<br>উপজেলা: কসবা<br>জেলা: ব্রাহ্মণবাড়িয়া<br>রেজি নম্বর- ১০৪৬৪৫ | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়<br>মিরসরাইল, ব্রাহ্মণবাড়িয়া |
| ২ | মো: রিপন আহমদ<br>পিতার নাম- মো: তাজুল ইসলাম<br>গ্রাম: তেঘরিয়া<br>ডাকঘর: কালাউক<br>উপজেলা: লাখাই<br>জেলা: হবিগঞ্জ<br>রেজি নম্বর- ৬০৩১৫০ | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>এল আর সরকারি উচ্চ বিদ্যালয়<br>বানিয়াচং, হবিগঞ্জ |
| ৩ | তানিয়া আক্তার<br>পিতার নাম-মতিয়ার রহমান<br>গ্রাম: ছোট বলমন্তচর<br>ডাকঘর: নবাবগঞ্জ<br>উপজেলা: নবাবগঞ্জ<br>জেলা: ঢাকা<br>রেজি নম্বর- ০৭৫৯৭৫ | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>কালীগঞ্জ আর.আর.এন.পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়<br>কালীগঞ্জ, গাজীপুর। |

| | | |
|---|---|---|
| ৪ | রেজাউল ইসলাম<br>পিতার নাম-রবিউল ইসলাম<br>গ্রাম: সামন্তা বাজার<br>ডাকঘর: সামন্তা বাজার<br>উপজেলা: মহেশপুর<br>জেলা:ঝিনাইদহ<br>রেজি নম্বর- ০৫২৮৮৩ | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়<br>সাতক্ষীরা সদর, সাতক্ষীরা। |
| ৫ | ইসরাত আক্তার ঝুমা<br>পিতার নাম-শফিউদ্দিন আহাম্মদ<br>গ্রাম: ভৈরব<br>ডাকঘর: ভৈরব ২৩৩৬<br>উপজেলা: ভৈরব<br>জেলা: কিশোরগঞ্জ<br>রেজি নম্বর- ০৮১৯৭৯ | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>কেন্দুয়া জয়হরি স্প্রাই সরকারি উচ্চ বিদ্যালয়, কেন্দুয়া, নেত্রকোণা। |
| ৬. | মো: আবু হানিফ<br>পিতার নাম- মো: আবু ইউসুফ খানাদার<br>গ্রাম: গৌরীগ্রাম<br>ডাকঘর: গৌরীগ্রাম<br>উপজেলা: সাঁথিয়া<br>জেলা: পাবনা<br>রেজি নম্বর- ০২৪৩৪৪ | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়<br>মেহেরপুর সদর, মেহেরপুর |

২) পদের নাম : সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) ০৫ জন

| ক্রমিক | নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রেজি: নম্বর | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | দেলোয়ার হোসেন<br>পিতার নাম- এ.টি.এম আসাদুজ্জামান<br>গ্রাম: দক্ষিণ পাড়া<br>ডাকঘর: বাকতা<br>উপজেলা: ফুলবাড়ীয়া<br>জেলা: ময়মনসিংহ<br>রেজি নম্বর- ০৫৮১০২ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরপুর সদর, শেরপুর। |
| ২. | মো: আজিম উদ্দিন খন্দকার<br>পিতার নাম- মো: সাখোয়াত হসাইন<br>গ্রাম/শহর: মালীরচর মন্ডল পাড়া<br>ডাকঘর: ঘোষপাড়া<br>উপজেলা: বকশিগঞ্জ<br>জেলা: জামালপুর<br>রেজি নম্বর- ১০৩৯৬৬ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>বকশীগঞ্জ উলফাতুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়<br>বকশিগঞ্জ, জামালপুর |
| ৩. | মোহাম্মদ ইমাম হোসাইন<br>পিতার নাম-মকবুল হোসেন মজমুদার<br>মজুমদার বাড়ী<br>গ্রাম/শহর: সেঙ্গুয়া<br>ডাকঘর: পালাখাল<br>উপজেলা: কচুয়া<br>জেলা: চাঁদপুর<br>রেজি নম্বর- ০৮৫৫৪৯ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়<br>চাঁদপুর সদর, চাঁদপুর। |
| 8. | আবু সালেহ ইবনে মিজান<br>পিতার নাম-মিজানুর রহমান<br>গ্রাম/শহর: কুশলপুর<br>ডাকঘর: দৌলতপুর বাজার | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>সাবেরা সোবহান সরকারি উচ্চ বিদ্যালয় |

| | | |
|---|---|---|
| | উপজেলা: ফুলবাড়ি<br>জেলা: দিনাজপুর<br>রেজি নম্বর- ০১০৬৪৭ | ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া |
| ৫. | মো: শামসুজ্জোহা সোহাগ<br>পিতার নাম-মো: আজিতুল্লাহ আকন্দ<br>গ্রাম/শহর: বড়মাহনন্দপুর<br>ডাকঘর: রওশনবাগ<br>উপজেলা: গাইবান্ধা<br>জেলা: গাইবান্ধা<br>রেজি নম্বর- ১০২৪০১ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>গাইবান্ধা সরকারি উচ্চ বালিকা উচ্চ বিদ্যালয়<br>গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| ৬. | মো: শাহ আলম<br>পিতার নাম- মো: আ: গফুর সরদার<br>গ্রাম/শহর: জয়পুর<br>ডাকঘর: জয়পুর<br>উপজেলা: মনিরামপুর<br>জেলা: যশোর<br>রেজি নম্বর- ০২৮২৩৭ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়<br>নড়াইল সদর, নড়াইল |

৩) পদের নাম: সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) ০১ জন

| ক্রমিক | নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রেজি: নম্বর | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | সবুজ মিয়া<br>পিতার নাম-মো: নানু মিয়া<br>গ্রাম: নারায়ন তলা<br>ডাকঘর: নারায়ন তলা<br>উপজেলা: সুনামগঞ্জ সদর<br>জেলা:সুনামগঞ্জ<br>রেজি নম্বর- ৬০০২৯২ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)<br>সরকারি এস.সি. বালিকা উচ্চ বিদ্যালয়<br>সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ |

৪) পদের নাম : সহকারী শিক্ষক (গণিত) ০২ জন

| ক্রমিক | নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রেজি: নম্বর | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | রাবেয়া আফ্রাদ<br>পিতার নাম- সামসুল হক আফ্রাদ<br>গ্রাম: ধানুয়া (১৬২০)<br>ডাকঘর: ধানুয়া<br>উপজেলা: শিবচর<br>জেলা: নরসিংদী<br>রেজি নম্বর- ০৩৩৬৪৭ | সহকারী শিক্ষক (গণিত)<br>আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২ | মো: শামীম হোসেন<br>পিতার নাম- মো: মোখলেজ বেপারী<br>গ্রাম: বলড়া<br>ডাকঘর: বলড়া<br>উপজেলা: হরিরামপুর<br>জেলা: মানিকগঞ্জ<br>রেজি নম্বর- ০৩৮৮২৬ | সহকারী শিক্ষক (গণিত)<br>আই.ই.টি. সরকারি উচ্চ বিদ্যালয়<br>নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ। |

৫) পদের নাম : সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) ০১ জন

| ক্রমিক | নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রেজি: নম্বর | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | বুলবুল আহমেদ<br>পিতার নাম- মোঃ আব্দুল মান্নান<br>গ্রাম: কাশিয়াহাটা<br>ডাকঘর: পীরহাটি<br>থানা/উপজেলা: ধুনট<br>জেলা: বগুড়া<br>রেজি নম্বর- ০৩৯৪৪৫ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান)<br>জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়<br>জয়পুরহাট সদর, জয়পুরহাট |

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/
০২.০৭.১৯
(মোঃ সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.৬২২.১৮- ৬৪৫

তারিখ : ২০ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
৪ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের মূল আবেদনপত্র, পুলিশি তদন্ত রিপোর্ট ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট-এর মূল কপি এতদসংগে প্রেরণ করা হ'ল। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা উক্ত কর্মকর্তাদের ব্যক্তিগত নথি খুলবে এবং এসব মূল কাগজপত্র ও আবেদনপত্রগুলো সংরক্ষণ করবে)।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৩। প্রধান শিক্ষক, .................................................. (পদায়িত শিক্ষকের যোগদানের পর যোগদান সংক্রান্ত প্রতিবেদন আগামী ০৬/০৮/২০১৯ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে। নিয়োগপ্রাপ্ত বিদ্যালয়ে পদ শূন্য না থাকলে প্রার্থীকে নির্ধারিত তারিখে অবশ্যই বিদ্যালয়ে যোগদান করতে দিয়ে বিষয়টি জরুরিভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে)।

১৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .............. ..............

১৬। জনাব ................................................................................................

০৪.০৭.২০১৯

(ড. মো: মোকছেদ আলী)
উপসচিব
ফোন : ৯৫৪৫৯৭৪
ই-মেইল: ds_sec1@moedu.gov.bd